

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৫৩

১/ বিবিধ

আরবী

من بلغه عن الله فضيلة فلم يصدق بها لم ينلها
موضوع

رواه أبو يعلى في " مسنده " (6 / 163) وابن عدي في " الكامل " (ق 40 / 2) عن بزيع
أبي الخليل الخصاف عن ثابت عن أنس مرفوعا، وقال: لا أعلم رواه غير بزيع أبي
الخليل

قلت: وهو متهم بالوضع كما تقدم قبل حديث، وذكره الهيثمي في " المجمع " (1 /
149) من حديث أنس وقال

رواه أبو يعلى، والطبراني في " الأوسط "، وفيه بزيع أبو الخليل وهو ضعيف. قلت: بل
هو متهم، كما قال الذهبي، وتقدمت عبارة ابن حبان وغيره في ذلك قبل حديث

বাংলা

৪৫৩। যে ব্যক্তির কাছে আল্লাহ তা'আলার নিকট হতে কোন ফযীলত পৌঁছল, অতঃপর সে তা বিশ্বাস করল না,
সে তা পাবে না।

হাদীসটি জাল।

এটি আবু ইয়াল্লা তার “মুসনাদ” গ্রন্থে (৬/১৬৩) এবং ইবনু আদী “আল-কামিল” গ্রন্থে (কাফ ৪০/২) বাযী আবুল
খালীল খাসসাফ সূত্রে সাবেত হতে এবং তিনি আনাস (রাঃ) হতে মারফু’ হিসাবে বর্ণনা করেছেন। অতঃপর
বলেছেনঃ জানি না বাযী ছাড়া অন্য কেউ এটি বর্ণনা করেছেন কিনা।

আমি (আলবানী) বলছিঃ তিনি হাদীসটি জাল করার দোষে দোষী। একটি হাদীস পূর্বে তার সম্পর্কে আলোচনা করা হয়েছে। হাদীসটি হায়সামী “আল-মাজমা” গ্রন্থে (১/১৪৯) উল্লেখ করে বলেছেনঃ বাযী দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ বরং তিনি মিথ্যার দোষে দোষী; যেমনভাবে যাহাবী বলেছেন। তার সম্পর্কে ইবনু হিব্বান এবং অন্যদের উক্তিও একটি হাদীসের পূর্বে উল্লেখ করা হয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68038>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন